দৈনিক
ইত্তেফাক

তারিখ 5 JUN 2003
পৃষ্ঠা 7 কলাম ...

# উপজেলা শিক্ষা কমিটি ॥ দেখা দিয়েছে নানা প্রশ্ন ও শিক্ষক নিয়োগে জটিলতা

রেজানুর রহমান ॥ ক্লাসে ছাত্র-ছাত্রীদের হাজিরা নিশ্চিত করা, নিয়মিত ক্লাস ও পরীক্ষা গ্রহণের জরুরী বিষয়টি এখনও দেশের অধিকাংশ শিক্ষা-প্রতিষ্ঠানে গুরুত্ব পায়নি। তা সত্ত্বেও বোর্ডের পরীক্ষায় নকল প্রবণতা অনেকটা কমে গেছে। এটি শুভ লক্ষণ। কিন্তু সুখকর এই পরিবর্তনের ধারা টিকিয়ে রাখার ক্ষেত্রে এখনও কার্যকর কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। নকল প্রতিরোধ করতে হলে নিয়মিত ক্লাস গ্রহণ ও পরীক্ষা নেয়া জরুরী। এ জন্য প্রয়োজন অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা। অথচ দেশের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি এখনও উপেক্ষিত। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের নতুন নিয়ম জারি করার পর আদালত কর্তৃক এই নিয়ম স্থগিত রাখার ঘোষণা দেয়া হয়েছে। কিন্তু শিক্ষা সচিব স্বয়ং বলেছেন, শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের পক্ষে উচ্চ আদালতে আপীল করা হবে। ফলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দেখা দিয়েছে নতুন করে অস্থিরতা। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটিতে এমপি ও (১৯শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## উপজেলা শিক্ষা কমিটি

(শেষ পৃঃ পর)

ইউএনও'র দায়িত্বের বিষয়টি পরিষ্কার না হওয়ায় মাঠ পর্যায়ে শিক্ষক কর্মকর্তাদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া ক্রমশঃ দানা বেঁধে উঠছে।

ওরা যে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি গঠন করা হয়। উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং সে সম্পর্কে স্থানীয় জনগণকে অবহিত করণসহ শিক্ষা ব্যবস্থাপনায় তাদের অংশগ্রহণ নিশ্চিতপূর্বক শিক্ষার সামগ্রিক মানবৃদ্ধির ও শিক্ষার উন্নয়নকল্পে গঠিত এই কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন উপজেলা নির্বাহী অফিসার। উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিচালনা কার্যক্রম, শিক্ষার হালহকিকত, প্রতিষ্ঠান প্রধানের ছুটি মঞ্জুর করাসহ সার্বিক বিষয়ে জবাবদিহি করবে উপজেলা কমিটি। শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ স্কুল কলেজ মাদ্রাসার, অধিকাংশ ব্যবস্থাপনা কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন এলাকার নির্বাচিত সংসদ সদস্য। উপজেলা শিক্ষা কমিটির গঠন ধারা অনুযায়ী স্কুল বা কলেজের কাজের জবাবদিহি করা সংক্রান্ত সভায় সভাপতিত্ব করবেন ইউএনও। এমপি'র সভাপতিত্বে স্কুল, কলেজ বা মাদ্রাসার ক্ষেত্রে গ্রহণ করা সিদ্ধান্তের ব্যাপারে জবাবদিহি করবে ইউএন'ওর নেতৃত্বে গঠিত উপজেলা কমিটি। বিষয়টি মাঠ পর্যায়ের শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে ক্ষোভের সঞ্চার করেছে। অনেকে প্রশ্ন তুলেছেন কে বড়- এমপি নাকি ইউএনও?